
২৬/৮/২০০৩

দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ...



*ইনকিলাব ঃ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির বাসভবন অভিমুখে ছাত্রদলের মিছিলটি কলাভবন গেটে পুলিশী বাধার সম্মুখীন হয়*

# ঢাঃ বিঃ ভিসির বাসভবন ঘেরাওয়ে বাধা ❑ ছাত্রদলের অনশন কর্মসূচী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** জাতীয়তাবাদী ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির বাসভবন ঘেরাও কর্মসূচী গতকাল (শনিবার) কড়া পুলিশী প্রহরা দিয়ে প্রতিরোধ করা হয়। পুলিশী বাধার কারণে কলাভবন গেটে সমাবেশের মধ্য দিয়ে ছাত্রদল তাদের কর্মসূচী পালন করে। সমাবেশে ছাত্রদল সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টু ভিসির বাসভবন এলাকায় মিছিল-সমাবেশ নিষিদ্ধ করার সিন্ডিকেটের সিদ্ধান্তকে 'অগণতান্ত্রিক' আখ্যা দিয়ে বলেন, ছাত্রদল আওয়ামী ভিসি আজাদ চৌধুরীকে অবাঞ্ছিত ঘোষণা করলে সারাদেশে কোথাও তার ঠাঁই হবে না। সমাবেশ থেকে ভিসির পদত্যাগের এক দফা দাবীতে মানববন্ধন ও প্রতীক অনশন কর্মসূচী ঘোষণা করা হয়।

ছাত্রদলের ভিসির বাসভবন ঘেরাও কর্মসূচীর কারণে প্রশাসনিক ভবন ও ভিসি

৪-এর পৃঃ ২-এর কঃ দেখুন

# ঢা:বি: ভিসির বাসভবন ঘেরাও-এ বাধা

৮-এর পৃষ্ঠার পর

ভবনের আশপাশের এলাকায় কর্তৃপক্ষ মিছিল-সমাবেশ নিষিদ্ধ করে দেয়। ছাত্রদলের ভিসির বাসভবন ঘেরাও উপলক্ষে গতকাল সকাল থেকেই ক্যাম্পাসের বিভিন্ন পয়েন্টে বিপুল সংখ্যক দাঙ্গাপুলিশ মোতায়েন করা হয়। ভিসির বাসভবনের সামনের রাস্তায় পুলিশ কর্ডন দিয়ে রাখে। সকাল থেকেই ক্যাম্পাস এলাকায় যানবাহন চলাচলেও কড়াকড়ি আরোপ করা হয়। ছাত্রদলের কর্মসূচীতে যোগ দিতে সংগঠনের কেন্দ্রীয় সহ-সাধারণ সম্পাদিকা রোখসানা খানম মিতুয়া, ছাত্রী বিষয়ক সম্পাদিকা ফরিদা খানম, সুমনা হক ও জিলির নেতৃত্বে ছাত্রীদের একটি মিছিল ক্যাম্পাসে আসতে চাইলে কলাভবনের গেটে পুলিশ বাধা দেয়। নাঈমা সুলতানার নেতৃত্বে কুয়েত মৈত্রী হলের আর একটি মিছিল নীলক্ষেত মোড়ে পুলিশের বাধাগ্রস্ত হয়। পরে বাক-বিতণ্ডার পর পুলিশ ছাত্রীদের ঢুকতে দেয়। ভিসির বাসভবন অভিমুখে ছাত্রদলের মিছিলটি বেলা সাড়ে ১২টার দিকে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ভিসি'র বাসার দিকে যেতে চাইলে পুলিশ কলাভবন গেট আটকে দিয়ে মিছিলে বাধা দেয়। এ সময় গেটের ভেতরে ও বাইরে ছাত্রদল নেতাকর্মীদের সাথে পুলিশের ধাক্কাধাক্কি হয়। ছাত্রদল কর্মীরা গেট ভাঙার চেষ্টা করে। পুলিশী বাধার মুখে ছাত্রদল নেতাকর্মীরা সেখানে বসে পড়ে সমাবেশ করে। ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে বিক্ষোভ-সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সাহাবুদ্দীন লাল্টু, সহসভাপতি আজিজুল বারী হেলাল, রেহেনা আক্তার রানু, সুলতান সালাউদ্দিন টুকু, আবদুল বারী ড্যানী, শফিউল বারী বাবু, যুগ্ম সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন, ফরহাদ হোসেন আজাদ, শামসুজ্জামান মেহেদী, রেজা পাহলভী মাসুম, হায়দার আলী লেলিন, আসাদুজ্জামান আসাদ বক্তব্য রাখেন। সমাবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির পদত্যাগ দাবীতে আগামী মঙ্গলবার ক্যাম্পাসে মানব বন্ধন ও বৃহস্পতিবার প্রতীক অনশনের কর্মসূচী ঘোষণা করা হয়। এছাড়া ছাত্র ধর্মঘটও অব্যাহত থাকবে।

সমাবেশে সাহাবুদ্দীন লাল্টু সিন্ডিকেটের সিদ্ধান্তকে অগণতান্ত্রিক আখ্যা দিয়ে বলেন, ভিসি আজাদ চৌধুরী এত সহজে কুপোকাৎ হয়ে যাবেন– আমরা ভাবিনি। ছাত্রদলের ভয়ে ভীত হয়ে তিনি চারপাশে পুলিশ দিয়ে ব্যারিকেড তৈরী করেছেন। তিনি অবিলম্বে ভিসি ভবনের আশপাশে সভা-সমাবেশের নিষেধাজ্ঞা প্রত্যাহার দাবী জানিয়ে বলেন, অন্যথায় সিন্ডিকেটের বিরুদ্ধেও আন্দোলন করা হবে। লাল্টু বলেন, শেখ হাসিনার পোষ্য হিসেবে আজাদ চৌধুরী কখনই নিরপেক্ষ হতে পারেন না। তিনি ভিসিকে উদ্দেশ্য করে বলেন, ছাত্রদল আপনাকে অবাঞ্ছিত ঘোষণা করার আগে ভিসি'র পদ থেকে পদত্যাগ করুন। এতে আপনার মঙ্গল হবে।

মনির হোসেন বলেন, যে আওয়ামী প্রশাসন ছাত্রদলের আহত নেতাকর্মীদের উদ্দেশ্যে বিবৃতি দিতে পারেনি, তারা আজ চিকিৎসার খরচ দিতে চায়। তারা খরচ নয়, আন্দোলনকে স্তব্ধ করতে আমাদের ঘুষ দিতে চায়।

**ছাত্রলীগের মিছিল-সমাবেশ**

ছাত্রদলের ভিসি'র বাসভবন ঘেরাও কর্মসূচীর প্রতিবাদে ছাত্রলীগ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল শেষে ডাকসু ভবনের সামনে সমাবেশ করে। বিশ্ববিদ্যালয় শাখার সহসভাপতি মোস্তাফিজুর রহমান বিপ্লবের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রলীগের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক অজয় কর খোকন, সহসভাপতি কাজী এবাদত হোসেন, সুজিত রায় নন্দী, আনিসুর রহমান, লিয়াকত সিকদার, এ কে এম আজিম। সমাবেশে অজয় কর খোকন বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি'র বাসভবন ঘেরাও করে ছাত্রদলের ষড়যন্ত্রের নীলনকশা বাস্তবায়ন করতে দেয়া হবে না। তিনি বলেন, তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার ভূমিকা আজ প্রশ্নের সম্মুখীন। তত্ত্বাবধায়ক সরকার খালেদা জিয়ার নীলনকশা বাস্তবায়নের চক্রান্ত করছে।